

পি আই বা জন-তথ্য এবং একজন এন.এ সদস্য

এন.এ.-র বার্তা বহন করে নিয়ে যাওয়া অনেক সদস্যের আরোগ্যলাভের একটা গুরুত্বপূর্ণ অংশ। এই কাজ করতে করতেই অনেকে নিজের কাজ করার ক্ষমতাটা আবিষ্কার করেন এবং সেটাকে আরও বাড়াতে পারেন। আপনার সক্রিয় সমর্থনের মাধ্যমে এন এ-র আরোগ্যপ্রসারের বার্তা অনেক বেশী মানুষের কাছে পৌঁছে যেতে পারে। জন-তথ্য সমিতি বা পি আই কমিটিতে যোগ দিয়ে আপনি অন্যদের জীবনে একটা সদর্শক পরিবর্তন ঘটানোর সুযোগ পেতে পারেন।

পাবলিক ইনফরমেশন বা জন-তথ্য কি?

জন-তথ্য সমিতির ভূমিকা হল যাতে জনসাধারণের কাছে এন.এ-র বিষয়ে স্বচ্ছ ও সঠিক তথ্য পৌঁছায় তা নিশ্চিত করা। আমাদের বন্ধুমন্ডলীর সম্পর্কে তথ্যের চাহিদা এখন আরও বেশী। কমিটির অংশ হয়ে, যে নেশাডি এখনও কষ্ট পাচ্ছে তাকে আমাদের বন্ধুমন্ডলীতে নিয়ে আসার আনন্দ ভাষায় প্রকাশ করা যায় না, শুধু অনুভব করা যায়।

একজন এন.এ. সদস্যের কি কি দায়িত্ব রয়েছে?

আমরা যখন নিজেদের এন.এ. সদস্য বলে পরিচয় দিই, তখন জনসাধারণের মধ্যে আমাদের আচরণের দায়িত্ব আমাদের নেওয়া প্রয়োজন। এটা এক ধরনের জন-তথ্য। যারা আমাদের কার্যক্রমের সঙ্গে পরিচিত নন তাঁদের কাছে আমরা প্রত্যেকে এন.এ.-র প্রতিনিধি। আমাদের সভা এবং অনুষ্ঠানের জন্য যে জায়গাগুলো আমরা ব্যবহার করি, সেগুলো যেভাবে আমরা রক্ষণাবেক্ষণ করি তাও সার্বিকভাবে জনসাধারণের এন.এ.-র প্রতি দৃষ্টিভঙ্গিকে প্রভাবিত করে।

আর এক ধরনের জন-তথ্য পরিষেবা অনুষ্ঠিত হয় যখন এন.এ.-র বিষয়ে উপস্থাপনা বা তথ্যের জন্য অনুরোধ আসে। যখন একটা অনুরোধ আসে, তখন একজন পি আই কমিটির সদস্যের সঙ্গে যোগাযোগ করা উচিত। যখন কোনো কমিটি সদস্যকে পাওয়া যাচ্ছে না, তখন অনুরোধটা পৌঁছে

দেওয়া উচিত একজন গোষ্ঠী সেবা প্রতিনিধি/গ্রুপ সার্ভিস রিপ্রেসেন্টেটিভ (জি এস আর) বা এরিয়া চেয়ারপার্সনের কাছে। আমরা এভাবে অনুরোধগুলোর বিষয়ে ব্যবস্থা নিই কারণ প্রতিটা অনুরোধ দ্রুত ও যথাযথ মনোযোগের দাবি রাখে। যদি আপনার কাছে কোন অনুরোধ আসে, মনে রাখবেন এটা ব্যক্তিগত ব্যাপার নয়। এটা নারকোটিকস্ অ্যানোনিমাসকে অনুরোধ।

অজ্ঞাতপরিচয় থাকার গুরুত্ব কি?

এটা একটা “আমরা” কার্যক্রম, এবং জন-তথ্য বিষয়ে “আমি পারি না, আমরা পারি” এই বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সদস্যের স্বাধীনভাবে কাজ করলে আমাদের অপরিচিত বা অজ্ঞাতপরিচয় থাকার আধ্যাত্মিক ভিত্তি সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।

আমরা আমাদের পদবি ঘোষণা করি না এবং প্রচার মাধ্যমের কাছে নারকোটিকস অ্যানোনিমাসের সদস্য হিসেবে আত্মপ্রকাশ করি না। আরোগ্যপ্রসারের আধ্যাত্মিক কার্যক্রমের অংশ হিসেবে আমরা আত্মপ্রচার না করে বরং আরো বিনয়ের সঙ্গে সেবার কাজ করে যাই। আমাদের অভিজ্ঞতা বলে, যে সদস্যেরা এন.এ.-র সদস্য হিসেবে “প্রচার মাধ্যমের তারকা” র মত ব্যবহার করেন তাঁরা আরোগ্যলাভের আধ্যাত্মিক ভিত্তিকেই বিপদে ফেলে দেন এবং জনগণের সামনে এন.এ.-র আরোগ্যলাভের একটা ভুল ছবি তুলে ধরেন।

কিভাবে সদস্যেরা অংশগ্রহণ করবেন?

পাবলিক ইনফরমেশন কমিটি বা জন-তথ্য সমিতিতে যে কোন সদস্য আসতে পারেন। আপনার অভিজ্ঞতা, মতামত ও অংশগ্রহণ পি.আই. কমিটির মূল্যবান সম্পদ। আমরা মুক্তকণ্ঠে আহ্বান জানাই যে আসুন, পি.আই. কমিটির মিটিং-এ যোগ দিন। অন্য সব পরিষেবা সমিতির মতই পি.আই.-র ও আগ্রহী লোকের সব সময় প্রয়োজন।

কেমন করে কাজ করা হয়?

গ্রুপেরা প্রায়শ একত্রে মিলিত হয়ে একটা আঞ্চলিক সেবা সমিতি/এরিয়া সার্ভিস কমিটি (এ.এস.সি) গঠন করে। এ.এস.সি-র একটি সাব কমিটি জনসাধারণকে তথ্য বা ইনফরমেশন দেবার কাজটা

করে। পি আই কমিটি তথ্যের জন্য বিভিন্ন সূত্র থেকে অনুরোধ পায়, যেমন, ব্যক্তি, প্রতিষ্ঠান এবং প্রচার মাধ্যম।

আমরা জনসাধারণের কাছে যেভাবে তথ্য নিয়ে যাই সেগুলো হল,

- ১। ধর্মপ্রতিষ্ঠান (গির্জা), পৌর প্রতিষ্ঠান, বিদ্যালয় বা প্রচারমাধ্যম এর অনুরোধে এন.এ. সম্বন্ধে বক্তব্য রাখা।
- ২। কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করা যায় সেগুলোর বিবরণ দিয়ে পোস্টার, প্রচারপত্র বানিয়ে এবং বিলি করে এবং অন্য সার্বজনিক প্রচার পরিষেবার মাধ্যমে।
- ৩। শিক্ষণ দিবস (লার্নিং ডে) ও কর্মশালার (ওয়ার্কশপের) মাধ্যমে।
- ৪। যারা নেশাডীদের সান্নিধ্যে আসতে পারেন এমন লোকদের মিটিংপঞ্জী, তথ্যসমৃদ্ধ পত্র এবং পুস্তিকা ডাকে পাঠানোর মাধ্যমে।
- ৫। যেসব কর্মকাণ্ডে উভয় কমিটিই যুক্ত সেখানে হাসপাতাল এবং প্রতিষ্ঠান (হসপিটাল অ্যান্ড ইনস্টিটিউশন) কমিটির সঙ্গে সহায়তা করে।
- ৬। যেখানে পৃথকভাবে ফোনলাইন বা অফিস কমিটি নেই, সেই সব ক্ষেত্রে পি আই কমিটি ফোনলাইন পরিচালনার জন্য দায়িত্ববদ্ধ থাকতে পারে।

এই প্রক্রিয়াগুলোর যে কোন একটায় অংশগ্রহণ করতে, জি.এস.আর বা আপনার স্থানীয় পি আই কমিটির কারুর সঙ্গে কথা বলুন। আমাদের যা আছে, যতক্ষণ না আমরা তা দান করছি তা আমরা রক্ষা করতে পারি না। জন-তথ্য কমিটির সেবাকার্য আমাদের ঠিক সেটাই করার সুযোগ দেয়।



Narcotics Anonymous®

নারকোটিকস্ অ্যানোনামাস

Copyright © 2012 by
Narcotics Anonymous World Services, Inc.

সর্বস্বত্ব সংরক্ষিত।

World Service Office
PO Box 9999
Van Nuys, CA 91409 USA
T 818.773.9999
F 818.700.0700
Website: www.na.org

World Service Office–CANADA
Mississauga, Ontario

World Service Office–EUROPE
Brussels, Belgium
T +32/2/646 6012

World Service Office–IRAN
Tehran, Iran
www.na-iran.org



এটি হল এন.এ ফেলোশিপ দ্বারা অনুমোদিত রচনার একটি অনুবাদ।

Narcotics Anonymous,    এবং The NA Way

Narcotics Anonymous World Services, Incorporated

-এর রেজিস্টার্ড ট্রেডমার্ক।

ISBN 978-1-55776-939-8 Bengali 3/12

WSO Catalog Item No. BE-3115

IP No. 15-BE

পি আই বা
জন-তথ্য এবং
একজন এন.এ
সদস্য